গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালক, উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত)

প্রকল্প

এবং

মহাপরিচালক, পাট অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র


বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: বিভাগীয় অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

# বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Divisional Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

উচ্চ ফলনশীল (উফশী) পাটবীজ উৎপাদনে আত্মনির্ভরশীলতা অর্জন এবং মানসম্মত পাটের উৎপাদনে কৃষকদের উদ্বুদ্ধকরণ ও অব্যাহত সহায়তা প্রদান। প্রকল্পের প্রত্যক্ষ তত্ত্বাবধানে বিগত বছর সমূহে ৫,৭২,৬২৭ (একর) জমিতে ১৭৪২.৫ মে.টন প্রত্যায়িত/মান ঘোষিত পাটবীজ বিতরণ এবং ৮৭৭৭.৯ (একর) জমিতে ১৭.৯৩ মে.টন ভিত্তি পাটবীজ বিতরণ করা হয়। বিগত বছরে ৪১.৬৩ লক্ষ বেল পাট ও ১৬১৮.৩৯ মেট্রিক টন পাটবীজ উৎপাদন। চাষীদের উৎপাদিত ৩৪২.০৫ মেট্রিক টন পাটবীজ ক্রয়। চলমান প্রকল্পের আওতায় দেশের ৪৫টি জেলার ২২৮টি উপজেলায় মানব সম্পদ উন্নয়নে ৪৪,৮১৬ জন পাটচাষীকে প্রশিক্ষণ প্রদান, ৪,৬৮,৩৩৪ জন চাষিকে কৃষি উপকরণ সহায়তা কার্ড বিতরণ, ৩৯টি জেলায় পাটচাষি সমাবেশ, পাট চাষে চাষিদের উৎসাহিতকরণ এবং নিজেদের মধ্য তথ্য বিনিময়ের জন্য ১৮৫৩টি মাঠ দিবস, পাট পঁচনের জন্য চাহিদা অনুযায়ী কৃষি ভর্তুকির মাধ্যমে পাটচাষির জমিতে অগভীর গর্ত খনন করে পানি সেচের মাধ্যমে ৯২টি প্রদর্শনীর মাধ্যমে পাট পঁচনে সহায়তা প্রদান, ১৮,৩০,২৮৪ জন পাট চাষিকে বিনামূল্যে পাটবীজ ও রাসায়নিক সার প্রদান।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

খাদ্য নিরাপত্তা ও পুষ্টি উন্নয়ন বিবেচনায় শস্য বৈচিত্র্যয়নের কারণে চাষীদের আগ্রহের মধ্যেও বৈচিত্র এসেছে। কৃষকেরা বাণিজ্যিক উদ্দেশ্যে বিভিন্ন ধরণের দেশি-বিদেশী ফল, ফসল ও সবজি আবাদের দিকে ঝুকছে। পাট একমাত্র অর্থকারী ফসল হিসেবে যে জায়গায় ছিল তা বিভিন্ন ফল-ফসল এসে জায়গা করে নিয়েছে। ফলে পাট চাষের আওতায় আরও অধিক পরিমান জমি পাওয়া দুরহ হয়ে পড়েছে। পাট, পাটবীজ পাটচাষযোগ্য জমি, পাটচাষিগণের প্রকৃত সংখ্যার বিষয়ে ডাটাবেজের অপ্রতুলতা। জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক জলাধার সংকুচিত হওয়ায় পাট পচনে পর্যাপ্ত পানির স্বল্পতা। পাট ও পাটবীজ চাষের জন্য পর্যাপ্ত জমি না পাওয়া। Crop Diversification জন্য কৃষক বিভিন্ন ফসলের দিকে ঝুকে পড়ছে। জাত নির্বাচনে কৃষকদের মধ্যে নানা সমস্যার কারণে কৃষকরা ভারতীয় বীজের দিকে ঝুকে পড়ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে দক্ষ কারিগরি জনবল তৈরী, উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদনে উন্নত প্রযুক্তি সম্প্রসারণ এবং কৃষকদের এ সকল কাজে সম্পৃক্তকরণ, উৎপাদিত বীজ ক্রয় ও বিপণনের মাধ্যমে চাষিদের সাথে সরকারি দপ্তরের সমন্বয়, তথ্য উপাত্ত প্রাপ্তি সহজিকরণ, চাষীদের মধ্যে পাট ও পাটবীজ সম্পর্কিত তথ্যের আদান প্রদান। পাট চাষে নারীদের সম্পৃক্ত করনের মাধ্যমে কৃষি কাজে নারীর অংশ গ্রহণ বৃদ্ধি করা। নিজের পাটবীজ নিজে উৎপাদন করে স্বনির্ভরতা অর্জনের জন্য সচেনতা সৃষ্টি করা। বিশ্বব্যাপী পরিবেশের ওপর প্লাস্টিক ও পলিথিনের ক্ষতিকর প্রভাব সম্পর্কে ব্যাপক জনসচেনতা সৃষ্টি হওয়ায় বিকল্প প্রাকৃতিক তন্তু হিসেবে পরিবেশবান্ধব পাটের ব্যবহার বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং উৎপাদন বৃদ্ধির মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন বৃদ্ধি করা। পাট চাষ বৃদ্ধির মাধ্যমে মাটির উর্বরতা বৃদ্ধি, মাটির ক্ষয়রোধ ও পরিবেশের ভারসাম্য রক্ষায় পাটের ভূমিকা বৃদ্ধি করা।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- (১) ৫৯১.৫ মে.টন উচ্চ ফলনশীল ভিত্তি ও প্রত্যায়িত পাটবীজ সংগ্রহ ও বিতরণ।
- (২) ৬০০ মে.টন উচ্চ ফলনশীল জাতের পাটবীজ উৎপাদন।
- (৩) প্রকল্পের মাধ্যমে প্রকল্পভূক্ত ২৮০০০ জন পাট ও পাটবীজ উৎপাদনকারী কৃষকদের প্রশিক্ষণ প্রদান।
- (৪) ১৪ লক্ষ বেল উচ্চ ফলনশীল তোষা পাট উৎপাদন।
- (৫) পাট ও পাটবীজ উৎপাদনের জন্য চাষীদের মাঝে ৩৩৭.৩১২ মে.টন সার প্রদান।
- (৬) কৃষকদের উদ্বুদ্ধকরণে ১৫০টি মাঠ দিবস, ১১টি চাষি সমাবেশ এবং ৩০,০০০ লিফলেট/বুকলেট বিতরণ এবং ১০টি গণবিজ্ঞপ্তি প্রকাশ।
- (৭) পাট ও পাটবীজের প্রদর্শনী প্লটের জন্য ২৪০০ সাইনবোর্ড বিতরণ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রকল্প পরিচালক, উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত) প্রকল্প

এবং

মহাপরিচালক, পাট অধিদপ্তর-এর মধ্যে ২০২৪ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

অধিক পরিমান উন্নত জাতের পাট ও পাটবীজ উৎপাদনের উন্নত কলাকৌশল এর সূচনা করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

জাতীয় চাহিদা মিটানোর জন্য উচ্চফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন এবং কৃষক পর্যায়ে তা সম্প্রসারণ করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উফশী পাট ও পাটবীজ উৎপাদন ও সম্প্রসারণ;
২. মানব সম্পদ উন্নয়ন;
৩. প্রকল্প ব্যবস্থাপনা;
৪. পাট ও পাটবীজ উৎপাদনে সার ও কীটনাশক প্রদান;

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. উন্নত কলাকৌশল অবলম্বন করে কৃষকের অধিক পরিমান গুণগতমানসম্পন্ন পাটআঁশ ও পাটবীজ উৎপাদন;
২. পাটবীজ উৎপাদকারী কৃষকদের নিকট থেকে প্রত্যয়িত/টিএলএস বীজ ক্রয় এবং প্রক্রিয়াজাতকরণ, প্যাকেটজাত করণের পর তা পাটআঁশ উৎপাদনকারী কৃষকদের মাঝে বিতরণ করা।
৩. প্রশিক্ষিত পাটচাষী কর্তৃক উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন এবং উন্নত পাট পচন পদ্ধতির উপর কর্মকান্ড পরিচালনা।
৪. কৃষি প্রদর্শনীর মাধ্যমে চাষী সরাসরি উপকারের আওতায় আনা।
৫. পাট পঁচনের জন্য চাহিদা অনুযায়ী কৃষি ভর্তুকির মাধ্যমে পাটচাষীর জমিতে অগভীর গর্ত খনন করে পানি সেচের মাধ্যমে পাট পঁচনের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| উফশী পাট ও পাটবীজ উৎপাদন সম্প্রসারণ | উচ্চ ফলনশীল জাতের পাটবীজ উৎপাদন। | মেঃ টন | ৭২২.৯১ | ১৩০ | ৬০০ | ৮০০ | | জেলা প্রশাসক, ইউএনও, বিএডিসি, বিজেআরআই ও ডিএই। | প্রতিবেদন |
| মানব সম্পদ উন্নয়ন | পাট চাষী প্রশিক্ষণ | জন | ১০৯১২ | ৪৪,৯২৫ | ২৮,০০০ | ২৪০০০ | | প্রকল্পের জেলা ও উপজেলা কার্যালয় | প্রতিবেদন |
| প্রকল্প ব্যবস্থাপনা | কর্মকর্তাদের পাটবীজের জমি পরিদর্শন | সংখ্যা | ৮০৬ | ৬৮০ | ৬৮৫ | ৬৯০ | | প্রকল্পের জেলা ও উপজেলা কার্যালয় | প্রতিবেদন |
| পাট ও পাটবীজ উৎপাদনে সার ও কীটনাশক | পাট ও পাটবীজ উৎপাদনের জন্য সার প্রদান | মেঃ টন | ৭৫২৮.৫০ | ৭৫০৯ | ৩৩৭.৩১২ | ৭৫০৯ | | প্রকল্পের প্রধান কার্যালয় জেলা ও উপজেলা কার্যালয় | মাস্টার রোল, ছবি |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] উফশী পাট ও পাটবীজ উৎপাদন ও সম্প্রসারণ; | ২৮ | [১.১] প্রকল্পের আওতায় উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন | [১.১.১] উচ্চ ফলনশীল ভিত্তি পাটবীজ সংগৃহীত ও বিতরণকৃত | সমষ্টি | মেঃ টন | ২.৫ | ৯ | ১.৮৭ | ৯ | ৮ | ৭ | ৬.৩ | ৫.৪ | ৯ | |
| | | | [১.১.২] উচ্চ ফলনশীল জাতের প্রত্যায়িত পাটবীজ সংগৃহীত ও বিতরণকৃত | সমষ্টি | মেঃ টন | ২.৫ | ৫৮০ | ৫৮২.৫ | ৫৮২.৫ | ৫২৪.২৫ | ৪৬৬ | ৪০৭ | ৩৪৯.৫ | ৫৮২.৫ | |
| | | | [১.১.৩] উচ্চ ফলনশীল জাতের পাটবীজ উৎপাদন | সমষ্টি | মেঃ টন | ৫ | ৭২২.৯১ | ১৩০ | ৬০০ | ৫৪০ | ৪৮০ | ৪২০ | ৩৬০ | ৮০০ | |
| | | | [১.১.৪] উচ্চফলনশীল তোষা পাট উৎপাদন | সমষ্টি | লক্ষ বেল | ৪ | ১৪.০০ | ১৪.৩৬ | ১৪.০০ | ১৩.০০ | ১২.০০ | ১০ | ৮ | ১৪.৫০ | |
| | | [১.২] উদ্বুদ্ধকরণ কার্যক্রম | [১.২.১] উদ্বুদ্ধকরণ সভা/মাঠ দিবস | সমষ্টি | সংখ্যা | ৪ | | ১৮৫৩ | ১৫০ | ১৩৫ | ১২০ | ১০৫ | ৯০ | ২৫০ | |
| | | | [১.২.২] বুকলেট ও লিফলেট বিতরণ | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪৬০০০ | ৪০০০০ | ৩০০০০ | ২৯০০০ | ২৮০০০ | ২৭০০০ | ২৬০০০ | ৩০৫০০ | |
| | | [১.৩] প্রচার কার্যক্রম পরিচালনা | [১.৩.১] গণবিজ্ঞপ্তি | সমষ্টি | সংখ্যা | ৪ | ১০ | ১০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১০ | |
| | | | [১.৩.২]সাইনবোর্ড | সমষ্টি | সংখ্যা | ৩ | ২৫২০ | ৫৩১০ | ২৪০০ | ২০০০ | ১৮০০ | ১৭০০ | | ২০০০ | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] মানব সম্পদ উন্নয়ন; | ২১ | [২.১] প্রশিক্ষণ প্রদান | [২.১.১] কর্মকর্তা ও কর্মচারী প্রশিক্ষণ | সমষ্টি | জন | ৪ | ১৮৬ | ১০০ | ১১০ | ৯৯ | ৮৮ | ৭৭ | ৬৬ | ১১০ | |
| | | | [২.১.২] পাটচাষী প্রশিক্ষণ | সমষ্টি | জন | ৭ | ১০৯১২ | ৪৪৯২৫ | ২৮০০০ | ২৫৫১৫ | | | | ২৪০০০ | |
| | | [২.২] প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং | [২.২.১] পাটচাষী প্রশিক্ষণ মনিটরিং | সমষ্টি | সংখ্যা | ৬ | ২০১ | ১৫০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২০০ | |
| | | [২.৩] চাষী সমাবেশ | [২.৩.১] চাষী সমাবেশ | সমষ্টি | সংখ্যা | ৪ | ৯ | ১০ | ১১ | ৯.৯ | ৮.৮ | ৭.৭ | ৬.৬ | ৮ | |
| [৩] প্রকল্প ব্যবস্থাপনা; | ১৫ | [৩.১] প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের অফিস ও মাঠ পরিদর্শন এবং মালামাল সরবরাহ। | [৩.১.১] কর্মকর্তাদের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৫ | ২৪০ | ৮০ | ৯০ | ৮১ | ৭২ | ৬৩ | ৫৪ | ৯০ | |
| | | | [৩.১.২] কর্মকর্তাদের পাটবীজের জমি পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৫ | ৮১৬ | ৬৮০ | ৬৮৫ | ৬১৬ | ৫৪৮ | ৪৭৯ | ৪১১ | ৭০০ | |
| | | | [৩.১.৩] কর্মকর্তাদের পাটের জমি পরিদর্শন | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫৬০ | ৫৬৫ | ৫৭০ | ৫১৩ | ৪৫৬ | ৩৯৯ | ৩৪২ | ৫৮০ | |
| | | | [৩.১.৪] মাঠ পর্যায়ের অফিসে কম্পিউটার সরবরাহ | সমষ্টি | সংখ্যা | ০ | | | | | | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] পাট ও পাটবীজ উৎপাদনে সার ও কীটনাশক প্রদান; | ৬ | [৪.১] পাট ও পাটবীজ উৎপাদনের জন্য সার প্রদান | [৪.১.১] পাট ও পাটবীজ উৎপাদনের জন্য সার প্রদান | সমষ্টি | মেঃ টন | ৩ | ৭৫২৮.৫০ | ৭০৮১.৩০৫ | ৩৩৭.৩১২ | ৩০৩.৫৮ | ২৬৯.৮৪ | | | ৭৫০৯ | |
| | | [৪.২] পাট ও পাটবীজ উৎপাদনের জন্য কীট নাশক প্রদান | [৪.২.১] পাট ও পাটবীজ উৎপাদনের জন্য কীট নাশক প্রদান | সমষ্টি | লিটার | ৩ | ২২৫০ | ৭০৪.২০ | ২২৫০ | ২১৫০ | | | | ৩০০০ | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, প্রকল্প পরিচালক, উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত) প্রকল্প, মহাপরিচালক, পাট অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, পাট অধিদপ্তর হিসাবে প্রকল্প পরিচালক, উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (১ম সংশোধিত) প্রকল্প-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.................................................. ..................................................

প্রকল্প পরিচালক
উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং
সম্প্রসারণ (১ম সংশোধিত) প্রকল্প

তারিখ

.................................................. ..................................................

মহাপরিচালক
পাট অধিদপ্তর

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ইউএনও | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | উফশী | উচ্চ ফলনশীল |
| ৩ | এসএজেডিও | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| ৪ | জেডিও | পাট উন্নয়ন কর্মকর্তা |
| ৫ | ডিএই | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর |
| ৬ | বিএডিসি | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন |
| ৭ | বিজেআরআই | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট |
| ৮ | বিজেএমসি | বাংলাদেশ পাটকল কর্পোরেশন |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] প্রকল্পের আওতায় উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন | [১.১.১] উচ্চ ফলনশীল ভিত্তি পাটবীজ সংগৃহীত ও বিতরণকৃত | প্রকল্পের প্রধান কার্যালয়, জেলা ও উপজেলা কার্যালয় | উপজেলা কমিটির স্বাক্ষরসহ মাস্টাররোল ও জেলা উপজেলা ভিত্তিক প্রতিবেদন |
| | [১.১.২] উচ্চ ফলনশীল জাতের প্রত্যায়িত পাটবীজ সংগৃহীত ও বিতরণকৃত | প্রকল্পের প্রধান কার্যালয়, জেলা ও উপজেলা কার্যালয় | উপজেলা কমিটির স্বাক্ষরসহ মাস্টাররোল ও জেলা উপজেলা ভিত্তিক প্রতিবেদন |
| | [১.১.৩] উচ্চ ফলনশীল জাতের পাটবীজ উৎপাদন | প্রকল্পের জেলা ও উপজেলা কার্যালয় | জেলা উপজেলা ভিত্তিক প্রতিবেদন |
| | [১.১.৪] উচ্চফলনশীল তোষা পাট উৎপাদন | প্রকল্পের জেলা ও উপজেলা কার্যালয় | জেলা উপজেলা ভিত্তিক প্রতিবেদন |
| [১.২] উদ্বুদ্ধকরণ কার্যক্রম | [১.২.১] উদ্বুদ্ধকরণ সভা/মাঠ দিবস | প্রকল্পের জেলা ও উপজেলা কার্যালয় | পত্র প্রেরণ অনুষ্ঠানের ছবি, জেলা উপজেলা ভিত্তিক সামারিসীট হাজিরা |
| | [১.২.২] বুকলেট ও লিফলেট বিতরণ | প্রকল্পের প্রধান কার্যালয়, জেলা ও উপজেলা কার্যালয় | কার্যাদেশ ও ছবি |
| [১.৩] প্রচার কার্যক্রম পরিচালনা | [১.৩.১] গণবিজ্ঞপ্তি | প্রকল্পের প্রধান কার্যালয় | প্রশাসনিক অনুমোদন |
| | [১.৩.২] সাইনবোর্ড | প্রকল্পের প্রধান কার্যালয় | কার্যাদেশ ও ছবি জেলা উপজেলা ভিত্তিক সামারিসীট |
| [২.১] প্রশিক্ষণ প্রদান | [২.১.১] কর্মকর্তা ও কর্মচারী প্রশিক্ষণ | প্রকল্পের প্রধান কার্যালয় | মাস্টাররোল ছবি ইত্যাদি |
| | [২.১.২] পাটচাষী প্রশিক্ষণ | জেলা ও উপজেলা কার্যালয় | উপজেলা কমিটির স্বাক্ষরসহ মাস্টাররোল ছবি ইত্যাদি |
| [২.২] প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং | [২.২.১] পাটচাষী প্রশিক্ষণ মনিটরিং | প্রকল্পের প্রধান কার্যালয় | প্রতিবেদন |
| [২.৩] চাষী সমাবেশ | [২.৩.১] চাষী সমাবেশ | প্রকল্পের প্রধান কার্যালয় | মাস্টাররোল ছবি ইত্যাদি |
| [৩.১] প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের অফিস ও মাঠ পরিদর্শন এবং মালামাল সরবরাহ। | [৩.১.১] কর্মকর্তাদের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন | প্রকল্পের প্রধান কার্যালয় | জেলা উপজেলা ভিত্তিক পরিদর্শন প্রতিবেদন |
| | [৩.১.২] কর্মকর্তাদের পাটবীজের জমি পরিদর্শন | প্রকল্পের জেলা ও উপজেলা কার্যালয় | জেলা উপজেলা ভিত্তিক পরিদর্শন প্রতিবেদন |
| | [৩.১.৩] কর্মকর্তাদের পাটের জমি পরিদর্শন | প্রকল্পের জেলা ও উপজেলা কার্যালয় | পরিদর্শন প্রতিবেদন |
| | [৩.১.৪] মাঠ পর্যায়ের অফিসে কম্পিউটার সরবরাহ | প্রকল্পের প্রধান কার্যালয়, জেলা ও উপজেলা কার্যালয় | উপজেলা কমিটির স্বাক্ষরসহ মাস্টাররোল ছবি ইত্যাদি |
| [৪.১] পাট ও পাটবীজ উৎপাদনের জন্য সার প্রদান | [৪.১.১] পাট ও পাটবীজ উৎপাদনের জন্য সার প্রদান | প্রকল্পের প্রধান কার্যালয়, জেলা ও উপজেলা কার্যালয় | উপজেলা কমিটির স্বাক্ষরসহ মাস্টাররোল ছবি ইত্যাদি |
| [৪.২] পাট ও পাটবীজ উৎপাদনের জন্য কীট নাশক প্রদান | [৪.২.১] পাট ও পাটবীজ উৎপাদনের জন্য কীট নাশক প্রদান | প্রকল্পের প্রধান কার্যালয়, জেলা ও উপজেলা কার্যালয় | উপজেলা কমিটির স্বাক্ষরসহ মাস্টাররোল ছবি ইত্যাদি |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| প্রকল্পের আওতায় উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন | উচ্চ ফলনশীল ভিত্তি পাটবীজ সংগৃহীত ও বিতরণকৃত | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | সভা, পত্র আদান-প্রদান, ফোনালাপ ও সাক্ষাৎকার |
| প্রকল্পের আওতায় উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন | উচ্চ ফলনশীল জাতের পাটবীজ উৎপাদন | পাট অধিদপ্তর | পত্র প্রেরণ, ফোনালাপ ও সাক্ষাৎকার |
| প্রকল্পের আওতায় উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন | উচ্চফলনশীল তোষা পাট উৎপাদন | পাট অধিদপ্তর | পত্র প্রেরণ, ফোনালাপ ও সাক্ষাৎকার |
| প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং | পাটচাষী প্রশিক্ষণ মনিটরিং | পাট অধিদপ্তর | পত্র প্রেরণ, ফোনালাপ ও সাক্ষাৎকার |
| প্রশিক্ষণ প্রদান | কর্মকর্তা ও কর্মচারী প্রশিক্ষণ | পাট অধিদপ্তর | পত্র প্রেরণ, ফোনালাপ ও সাক্ষাৎকার |
| প্রশিক্ষণ প্রদান | পাটচাষী প্রশিক্ষণ | পাট অধিদপ্তর | পত্র প্রেরণ, ফোনালাপ ও সাক্ষাৎকার |
| পাট ও পাটবীজ উৎপাদনের জন্য কীট নাশক প্রদান | পাট ও পাটবীজ উৎপাদনের জন্য কীট নাশক প্রদান | পাট অধিদপ্তর | পত্র প্রেরণ, ফোনালাপ ও সাক্ষাৎকার |
| পাট ও পাটবীজ উৎপাদনের জন্য সার প্রদান | পাট ও পাটবীজ উৎপাদনের জন্য সার প্রদান | পাট অধিদপ্তর | পত্র প্রেরণ, ফোনালাপ ও সাক্ষাৎকার |
| প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের অফিস ও মাঠ পরিদর্শন এবং মালামাল সরবরাহ। | কর্মকর্তাদের মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন | পাট অধিদপ্তর | পত্র প্রেরণ, ফোনালাপ ও সাক্ষাৎকার |
| প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের অফিস ও মাঠ পরিদর্শন এবং মালামাল সরবরাহ। | কর্মকর্তাদের পাটবীজের জমি পরিদর্শন | পাট অধিদপ্তর | পত্র প্রেরণ, ফোনালাপ ও সাক্ষাৎকার |
| প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের অফিস ও মাঠ পরিদর্শন এবং মালামাল সরবরাহ। | কর্মকর্তাদের পাটের জমি পরিদর্শন | পাট অধিদপ্তর | পত্র প্রেরণ, ফোনালাপ ও সাক্ষাৎকার |
| প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের অফিস ও মাঠ পরিদর্শন এবং মালামাল সরবরাহ। | মাঠ পর্যায়ের অফিসে কম্পিউটার সরবরাহ | পাট অধিদপ্তর | পত্র প্রেরণ, ফোনালাপ ও সাক্ষাৎকার |
| প্রকল্পের আওতায় উচ্চ ফলনশীল পাট ও পাটবীজ উৎপাদন | উচ্চ ফলনশীল জাতের প্রত্যায়িত পাটবীজ সংগৃহীত ও বিতরণকৃত | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | পত্র প্রেরণ, ফোনালাপ ও সাক্ষাৎকার |

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ